গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
acl.southsunamganj.sunamganj.gov.bd

স্মারক নং-৩১.৬০.৯০২৭.০০০.০৫.০০১.২৩- ৭২৩ তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

**জলমহাল খাস কালেকশনে ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি-০৩**

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ/ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরে উর্ধ্বের জলমহাল/জলাশয়গুলোর ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদান করা সম্ভব না হওয়ায় (ক) জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের রাজস্ব শাখার ২২/০৬/২০ তারিখের-১১৩৪নং স্মারক ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের ০৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখের ৬৪৯নং স্মারক (খ) জেলা প্রশাসক, সুনাম মহোদয়ের রাজস্ব শাখার ১০/০৯/২০২৩ খ্রিঃ তারিখের ১৪৬১(৪)নং স্মারক ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের ১৯/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ৯৩০/১ নং স্মারক (গ) জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের রাজস্ব শাখার ১২/০৯/২০২৩ খ্রিঃ তারিখের ১৪৮০(৪) নং স্মারক ও উপজেলা নির্বাহী অফিসা শান্তিগঞ্জ মহোদয়ের ১৯/০৯/২০২৩ খ্রিঃ তারিখের-৯৩১ নং স্মারক,

এবং

২০ একরের নীচে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের ১১/০৯/২০২৩ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৯০১১.০০০.০২.০০১.১৯-৯০৮নং স্মারক পত্রের আলো নিম্নোক্ত জলমহালগুলো ১৪৩০ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য (৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা পর্যন্ত) খাস কালেকশন দেয়া হবে। খাস কালেকশনে আগ্র আবেদনকারীগণকে জলমহালের মূল্য উল্লেখপূর্বক সীলগালা অবস্থায় মুখবন্ধ খামে আবেদনপত্র দাখিল করতে হবে।

**খাস কালেকশনযোগ্য জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন জলমহালসমূহ(২০ একরের উর্ধ্বে)ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের তফশিল | পরিমান (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য বা সর্বশেষ বছরের ইজারামূল্য | সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে (ধার্যকৃত খাসমূল্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | কচুয়া বিল | চিকারকান্দি-২১২ | ৩১.৪৭ | ৬৯,৬১৪/- | ৭৩,০৯৫/- | |
| ২ | শান্তিগঞ্জ | চাতল উদয়তারা বিল | ৬নং রেজিষ্টার মোতাবেক | ৫৮.২০ | ৩০,৪৬,৩৯৪/- (বিগত বছরের ইজারামূল্য) | - | |
| ৩ | | বড় হাইডোরা বিল | - | - | ১০,৭৩,৫০০/- (বিগত বছরের আদায়কৃত খাসমূল্য) | - | |

**খাস কালেকশনযোগ্য উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন জলমহালসমূহ(২০ একর পর্যন্ত)ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজা ও জে.এল নং | দাগ নং | পরিমান (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য বা সর্বশেষ বছরের ইজারামূল্য | সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে (ধার্যকৃত খাসমূল্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | পাচগাছিয়া বিল ও কাড়া | পাথারিয়া/১৯১ | ৬৩৯<br>৬২০ | ১.৫১<br>১.৫৯<br>৩.১০ | -- | ১,৯৬৯/- | |
| ২ | | রৌয়াবিল, এলংগি বিল ও আমতৈর নদী | সিচনী/২৩৯ | ৯১০<br>৫৩ | ৭.২২<br>১.৯৫<br>৯.১৭ | -- | ১১,২০১/- | |
| ৩ | | চেপটির খাল | সুরিখাই/২৬৭ | ৫৩৪<br>৫৩৪<br>৫৩৯ | ২.২০<br>১.৪৭<br>৩.৬৭ | -- | ৩,১৯৮/- | |
| ৪ | শান্তিগঞ্জ | হেকানি বিল ও কাড়া | দূর্গাপুর/২৬০ | ৬নং রেজিষ্টার মোতাবেক | | | ৩,১৫০/- | |
| ৫ | | লামার বন্দের ঢালা | গনিপুর/২২৫ | ৩৯৩ গং | ৪.৫১ | - | - | স্বত্ব আপীল মামলায় জড়িত |
| ৬ | | গুইরার খাল জলমহাল (উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ১৪/০২/২০২৩ তারিখের ১৫৫নং স্মারকের আলোকে) | বীরগাও/২৫০ | ৪৪৫৫ | ৩.৫০ | | ৫৭,৩৩০/- | |

চলমান পাতা ২

২। খাস কালেকশনের জন্য আবেদনকারীকে সাদা কাগজে ২০/- টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্রে মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। আবেদনকারীকে নিজের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, মোবাইল নং, জলমহালের নাম, খাস কালেকশনের মূল্য উল্লেখপূর্বক মুখ বন্ধ খামে দাখিল করতে হবে। আবেদনে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনের সাথে জামানত বাবদ সহকারী কমিশনার (ভূমি), শান্তিগঞ্জ, সুনামগঞ্জ বরাবরে আবেদনে উল্লেখিত মূল্যের **৫০% টাকা** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৪। সরকারী জলমহাল খাস কালেকশনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সরকারী নিয়ম অনুযায়ী উদ্ধৃত মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% উৎস কর প্রদান করবেন।

৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ব্যক্তির নিকট সরকারি পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য আবেদন করতে পারবেন না।

৬। খাস কালেকশনের জন্য বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।

৭। যে সকল জলমহাল থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে। সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যেসকল বদ্ধ জলমহাল খাস কালেকশনের জন্য বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।

৮। কোন অবস্থাতেই খাস কালেকশনের সময় জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।

৯। ইতিমধ্যে কোন জলমহাল কোন আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১০। কর্তৃপক্ষ যে কোন সময় খাস কালেকশনের বিজ্ঞপ্তি/খাস কালেকশনের কার্যক্রম বাতিল করা ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। খাস কালেকশনের বিষয়ে উপজেলা খাস কমিটির সিদ্ধান্ত এর পূর্ব পর্যন্ত আবেদনকারীদের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবমুক্ত করা হবে না।

১২। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুসরণ করা হবে এবং খাস কালেকশনের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি উপজেলা ভূমি অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট acl.southsunamganj.sunamganj.gov.bd এ পাওয়া যাবে।

১৪। আবেদন দাখিল ও দরপত্র বক্স খোলা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

| ক্র.নং | আবেদনপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বক্স খোলার তারিখ ও সময় | আবেদনপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১ | ২৫/০৯/২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা (অফিস চলাকালীন সময়) | ২৫/০৯/২০২৩ তারিখ বিকাল ২.০০ ঘটিকা | উপজেলা ভূমি অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |

১৯/০৯/২৩

(সকিনা আক্তার)
সহকারী কমিশনার (ভূমি)
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-৩১.৬০.৯০২৭.০০০.০৫.০০১.২৩-৭২৩/১(২৫)

তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য
১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), সুনামগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য-
৫। উপজেলা..........................................................................অফিসার, (সকল), শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৬। উপজেলা মৎস্য/সমাজসেবা/সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ(বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ কে অবহিত করণের অনুরোধসহ)
৭। চেয়ারম্যান..........................................................................ইউ/পি, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। উপ-সহকারী কৃষি কর্মকর্তা.............................................ইউ/পি, উপজেলা কৃষি অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাগলা/পাথারিয়া, শান্তিগঞ্জ। তার অধিক্ষেত্রের সকল হাটবাজার/জনসমাগম বেশী হয় এমন গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক, দৈনিক..........................................। এসঙ্গে ০১ কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত পরিসরে আপনার পত্রিকায় প্রকাশ করে, প্রকাশিত পত্রিকার ০৫ কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। অফিস কপি/নোটিশ বোর্ড।

১৯/০৯/২৩

সহকারী কমিশনার (ভূমি)
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।